গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা
http://www.dwa.gov.bd

**স্মারক নম্বর:** ৩২.০১.০০০০.০০০.০০৮.১৮.০০০১.২৩.৪

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩ / ৯ জুলাই ২০২৬

**বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি)' কার্যক্রমের আওতায় জুলাই, ২০২৫ হতে জুন, ২০২৭ চক্রের উপকারভোগীদের প্যাকেজ সেবা প্রদানের জন্য বেসরকারি উন্নয়ন সংস্থা (এনজিও) এর সার্ভিস চার্জ প্রদানের নিমিত্ত ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি)' কার্যক্রমের আওতায় জুলাই, ২০২৫ হতে জুন, ২০২৭ চক্রের নির্বাচিত উপকারভোগীদের প্যাকেজ সেবা (প্রশিক্ষণ, সঞ্চয়, ঋণ ও খাদ্য বিতরণ) প্রদানের জন্য নির্বাচিত বেসরকারি উন্নয়ন সংস্থার (এনজিও'র) সাথে চুক্তিনামা সম্পাদনপূর্বক কার্যদেশ প্রদান করা হয়েছে। চুক্তিনামার শর্তানুযায়ী উপকারভোগীদের প্যাকেজ সেবা প্রদানের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে সার্ভিস চার্জ প্রদান করা হবে। সে মোতাবেক বেসরকারি উন্নয়ন সংস্থার (এনজিও'র) সার্ভিস চার্জ প্রদানের নিমিত্ত মূল্যায়ন প্রতিবেদন সংযুক্ত ছক অনুযায়ী (কোয়ার্টার ভিত্তিক) প্রদানের জন্য এতদসংগে প্রেরণ এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।

**সংযুক্তিঃ**
(১) এনজিও মূল্যায়ন প্রতিবেদন ছক

০৯-০৭-২০২৬
রেবেকা সুলতানা
উপ পরিচালক (চলতি দায়িত্ব)
ফোন : ০২-৯৩৩১২৭৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। উপপরিচালক (সকল) জেলা পর্যায়।
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)।
৪। নির্বাহী পরিচালক, ..................... বেসরকারী উন্নয়ন সংস্থা (এনজিও)।

**স্মারক নম্বর:** ৩২.০১.০০০০.০০০.০০৮.১৮.০০০১.২৩.৪/১ (২)

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩ / ৯ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। ব্যাক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৯-০৭-২০২৬
রেবেকা সুলতানা
উপ পরিচালক (চলতি দায়িত্ব)